

"Access to credit facilities for self employment for the trainees under SEIP project of Bangladesh Bank" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত।

Seminar on "Access to credit facilities for self-employments".



SEIP প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP), (Tranche-1) প্রকল্পের আওতায় ০৩ বছরে সারা দেশে ১০,২০০ জন (০৫টি সেক্টরে যেমন আইসিটি, গার্মেন্টস, লাইট ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ও ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিক্যাল মেইন্টিন্যান্স মোট ১২টি ট্রেড কোর্সে) এর দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ট্রেড কোর্সে Outsourcing প্রতিষ্ঠানের মাধ্যমে সারাদেশব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমই খাতে উৎপাদনশীলতা বৃদ্ধিতে ভূমিকা রাখার পাশাপাশি নতুন উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা। প্রকল্পের অন্যতম লক্ষ্য অনুযায়ী চট্টগ্রাম বিভাগের প্রশিক্ষণার্থীবৃন্দ হতে নতুন উদ্যোক্তা তৈরীতে ব্যাংকার্স- উদ্যোক্তা মতবিনিময় সংক্রান্ত "Access to credit facilities for self employment for the trainees under SEIP project of Bangladesh Bank" সেমিনার ৩০/০৩/২০১৭ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম অফিসের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও SEIP প্রকল্পের নির্বাহী পরিচালক জনাব আব্দুর রউফ তালুকদার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম অফিসের মহাব্যবস্থাপক জনাব রাহেনা বেগম। সভায় সভাপতিত্ব করেন এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের মহাব্যবস্থাপক জনাব স্বপন কুমার রায় এবং স্বাগত বক্তব্য প্রদান করেন প্রকল্পের চীফ কো-অর্ডিনেটর জনাব মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সরকারের উপ-সচিব ও SEIP প্রকল্পের সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক জনাব সৈয়দ নাসির এরশাদ, বাংলাদেশ ব্যাংকের PCU, SEIP প্রকল্পের কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধানগণ, চট্টগ্রাম বিভাগে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ইউসেপ বাংলাদেশ, শ্যামলী আইডিয়াল টেকনিক্যাল কলেজ, টিএমএসএস ও উদ্দীপন এর কর্মকর্তাবৃন্দ ও উদ্যোক্তা হতে আগ্রহী উক্ত প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষণার্থীবৃন্দ। অনুষ্ঠানে সংশ্লিষ্ট সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের সম্মিলিত সহযোগিতার মাধ্যমে নতুন উদ্যোক্তা তৈরীতে ভূমিকা রাখার আহ্বান জানানো হয়। এক্ষেত্রে কমার্শিয়াল ব্যাংকসমূহকে এসএমই ঋণ প্রদানে আরো বেশি আন্তরিক হওয়ার আহ্বান জানানো হয়।